# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ দুইজন মুহাজির ও দুইজন আনসার সাহাবী থেকে কুর'আন সাক্ষী করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِأَخْذِ الْقُرْآنِ عَنْ رَجُلَيْنِ مِنَ الْمُهَاجِرِينَ وَرَجُلَيْنِ مِنَ الْأَنْصَارِ

---

আরবী

733 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مَوْدُودٍ بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ عَنْ مَسْرُوقِ بْنِ الْأَجْدَعِ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو يَقُولُ: لَمْ أَزَلْ أُحِبُّ عَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودٍ مُنْذُ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (اقرأوا الْقُرْآنَ مِنْ أَرْبَعَةٍ: عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَسَالِمٍ مَوْلَى أَبِي حُذَيْفَةَ وَمُعَاذِ بْنِ جَبَلٍ وأبي بن كعب)
الراوي : عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 733 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৩৩. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আব্দুল্লাহ বিন মাস'ঊদ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে তখন থেকে সবসময় ভালবাসি, যখন থেকে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “তোমরা চারজন থেকে কুর'আন শিক্ষা করো: (তাঁরা হলেন) আব্দুল্লাহ বিন মাস'ঊদ, আবু হুযাইফার আজাদকৃত দাস সালিম, মু'আয বিন জামাল ও উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুম।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২/৪; মুসনাদ আহমাদ: ২/১৯৫; সহীহ আল বুখারী: ৩৭৫৮; সহীহ মুসলিম: ২৪৬৪; হিলইয়াতুল আওলিয়া: ১/১৭৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫১৮; তিরমিযী: ৩৮১০; আত তাবারানী: ৮৪১০; বাযযার: ২৭০৩; হাকিম: ৫/২২৫; মাজমা'উয যাওয়াইদ: ৯/৩১১।

আল্লামা শু’আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮২৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন